রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, জুলাই ২৬, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**

**প্রশাসন শাখা-৮**

**পরিপত্র**

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩৩/১৫ জুলাই ২০২৬

**বিষয়: বাংলাদেশ স্থানিক পরিকল্পনা আইন, ২০২৬ এর ধারা ৫(১) অনুযায়ী 'আন্তঃমন্ত্রণালয় কমিটি' গঠন সংক্রান্ত:**

নং **২৫.০০.০০০০.১৩১.২২.০১৪.১৫(অংশ)-৪২৬**—উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ স্থানিক পরিকল্পনা আইন, ২০২৬ এর ধারা ৫(১) অনুযায়ী বাংলাদেশের জনগণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে পরিকল্পিত বাংলাদেশ গড়ে তোলার উদ্দেশ্যে টেকসই উন্নয়ন, অর্থনৈতিক প্রবৃদ্ধি, জীববৈচিত্র্য সংরক্ষণ, জলবায়ু ও দুর্যোগ সংবেদনশীলতা, সামাজিক ন্যায্যতা নিশ্চিতকরণ এবং কৃষি ও জলাশয় সুরক্ষাপূর্বক একটি সমন্বিত স্থানিক পরিকল্পনা প্রণয়ন করার লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে 'আন্তঃমন্ত্রণালয় কমিটি' গঠন করা হলো:

**২.১ কমিটির গঠন:**

| ক্র : নং | পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ক. | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সভাপতি |
| খ. | পরিকল্পনা বিভাগ কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | সদস্য |


মূল্য : টাকা ৮.০০

| ক্র : নং | পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| গ. | অর্থ বিভাগ কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | সদস্য |
| ঘ. | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | সদস্য |
| ঙ. | স্থানীয় সরকার বিভাগ কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | সদস্য |
| চ. | ভূমি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | সদস্য |
| ছ. | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | সদস্য |
| জ. | সেতু বিভাগ কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | সদস্য |
| ঝ. | কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | সদস্য |
| ঞ. | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | সদস্য |
| ট. | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | সদস্য |
| ঠ. | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | সদস্য |
| ড. | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | সদস্য |
| ঢ. | পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | সদস্য |
| ণ. | নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | সদস্য |
| ত. | রেলপথ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | সদস্য |
| থ. | বিদ্যুৎ বিভাগ কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | সদস্য |

| ক্র : নং | পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| দ. | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | সদস্য |
| ধ. | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | সদস্য |
| ন. | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | সদস্য |
| প. | সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| ফ. | বিভাগীয় প্রধান, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| ব. | বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| ভ. | ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| ম. | ইনস্টিটিউট অব আর্কিটেক্টস বাংলাদেশ কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| য. | ড. আবু সাঈদ মোস্তাক আহমেদ, অধ্যাপক, স্থাপত্য বিভাগ, এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| র. | ডাঃ আহমেদ এহসানুর রহমান, সিনিয়র সায়েন্টিস্ট, আইসিডিডিআরবি ও কনসালটেন্ট, স্বাস্থ্য মন্ত্রণালয় | সদস্য |
| ল. | পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর | সদস্য-সচিব |

**২.২ কমিটির কার্যপরিধিঃ**

(২) উপ-ধারা (১) এর দফা (ঘ) ও (য) এ বর্ণিত সদস্যগণের মেয়াদ হবে তাদের মনোনয়নের তারিখ হতে ৩ (তিন) বৎসর এবং তাঁরা পুনঃমনোনীত হতে পারবেন।

(৩) সরকার, যেকোনো সময়, কারণ দর্শানো ব্যতিরেকে উপ-ধারা (১) এর দফা (খ) ও (র) এ বর্ণিত সদস্যগণের মনোনয়ন বাতিল করতে পারবে।

(৪) সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে উপ-ধারা (১) এর দফা (খ) ও (র) এ বর্ণিত কোনো সদস্য স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

(৫) প্রতি বৎসর আন্তঃমন্ত্রণালয় কমিটির অন্যূন ৪ (চার)টি সভা অনুষ্ঠিত হবে, তবে জরুরি প্রয়োজনে যেকোনো সময় সভা আহ্বান করা যাবে।

(৬) আন্তঃ মন্ত্রণালয় কমিটির সভাপতি আন্তঃমন্ত্রণালয় কমিটির সকল সভায় সভাপতিত্ব করবেন, তবে তাঁর অনুপস্থিতিতে তৎকর্তৃক মনোনীত কোনো সদস্য সভায় সভাপতিত্ব করবেন।

(৭) আন্তঃ মন্ত্রণালয় কমিটির সভার কোরামের জন্য উহার মোট সদস্য সংখ্যার অন্যূন দুই-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হবে, তবে মুলতুবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হবে না।

(৮) সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে আন্তঃমন্ত্রণালয় কমিটির সকল সিদ্ধান্ত গৃহীত হবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকবে।

(৯) আন্তঃ মন্ত্রণালয় কমিটি, প্রয়োজনে, সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ কায়সার খসরু**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd